

■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৩৮]

৬৪/ পোষাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৩৫৭. কাসসী পরিধান করা। আসিম আবূ বুরদাহ হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আলী (রাঃ) কে জিজ্ঞেস করলাম, 'কাসসী' কী? তিনি বললেন, এক প্রকার কাপড় –যা শাম (সিরিয়া) অথবা মিশর থেকে আমাদের দেশে আমদানী হয়ে থাকে। চওড়া দিক থেকে নকশা করা হয়, তাতে রেশম থাকে এবং উৎরুনজের মত তা কারুকার্যখচিত হয়। আর মীসারা এমন বস্ত্র, যা স্ত্রী লোকেরা তাদের স্বামীদের জন্য প্রস্তুত করে, মখমলের চাদরের মত তা হলুদ বর্ণের হয়ে থাকে। জারীর ইয়াযীদ থেকে বর্ণনা করেন, তাঁর বর্ণনায় আছে- কাসসী হল নকশীওয়ালা কাপড় যা মিশর থেকে আমদানী হয়, তাতে রেশম থাকে। আর মীছারা হলো হিংস্ত্র জন্তুর চামড়া

باب لُبْسِ الْقَسِيِّ وَقَالَ عَاصِمٌ عَنْ أَبِي بُرْدَةَ قَالَ قُلْتُ لِعَلِيٍّ مَا الْقَسِيَّةُ قَالَ ثِيَابُ أَتَتْنَا مِنَ الشَّأْمِ أَقْ مِنْ مِصْرَ، مُضلَّعَةٌ فِيهَا حَرِيرٌ فِيهَا أَمْثَالُ الأَثْرُنْجِ، وَالْمِيثَرَةُ كَانَتِ النِّسَاءُ تَصْنَعُهُ لِبُعُولَتِهِنَّ، مِثْلَ الْقَطَائِفِ يُصنَفِّرْنَهَا. وَقَالَ جَرِيرٌ عَنْ يَزِيدَ فِي حَديثِهِ، الْقَسِيَّةُ ثِيَابٌ مُضلَّعَةٌ، لِبُعُولَتِهِنَّ، مِثْلَ الْقَطَائِفِ يُصنَفِّرْنَهَا. وَقَالَ جَرِيرٌ عَنْ يَزِيدَ فِي حَديثِهِ، الْقَسِيَّةُ ثِيَابٌ مُضلَّعةً، يُجَاءُ بِهَا مِنْ مِصْرَ، فِيهَا الْحَرِيرُ، وَالْمِيثَرَةُ جُلُودُ السِّبَاعِ. قَالَ أَبُو عَبْدُ اللَّهِ عَاصِمٌ أَكْثَرُ وَأَصَحَ فِي الْمِيثَرَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ، أَخْبَرَنَا سُفْيَانُ، عَنْ أَشْعَتَ بْنِ أَبِي الشَّعْثَاءِ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ سُويْدِ بْنِ مُقَرِّنٍ، عَنِ ابْنِ عَازِبٍ، قَالَ نَهَانَا النَّبِيُّ صلى الله عليه وسلم عَنِ الْمَيَاثِرِ الْحُمْرِ وَالْقَسِّيِّ.

বাংলা

৫৪২০। মুহাম্মদ ইবনু মুকাতিল (রহঃ) ... বারা ইবনু অযিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের লাল রঙের মীছারা ও কাসসী প্রতে নিষেধ করেছেন।

English

Narrated Ibn Azib:



The Prophet (ﷺ) forbade us to use the red Mayathir and to use Al-Qassiy.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন